# Add-on Course in

# পুস্তক প্রকাশনা শিল্প, প্রকাশনা শিল্পে অনুবাদ ও বর্ণ-সংস্থাপন প্রকৌশল প্রশিক্ষণ

বাংলা বিভাগ

সাগরদীঘি কামদা কিঙ্কর স্মৃতি মহাবিদ্যালয়

সাগরদীঘি, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ

# কোর্সটির উদ্দেশ্য ও পরিচিতি

## কোর্সটি কেন পড়া দরকার

শিক্ষিত, রুচিশীল ও মননশীল সমাজ গড়ার অন্যতম মাধ্যম হচ্ছে বই। একটি দেশের চিন্তা-চেতনা ও সামাজিক, সাংস্কৃতিক বিকাশ সম্পর্ক ধারণা পাওয়া যায় ওই দেশের বই, সংবাদপত্র ও সাহিত্যের মাধ্যমে। মুদ্রণ ও প্রকাশনা বিষয় দু'টি পৃথক হলেও একটি অন্যের পরিপূরক। শিক্ষার প্রসার ও বিস্তারের সঙ্গে সঙ্গে প্রকাশনা শিল্প বর্তমানে একটি গুরুত্বপূর্ণ শিল্পে পরিণত হয়েছে এবং পুস্তকের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে এই শিল্পে সমাজের শিক্ষিত মানুষের প্রয়োজনীয়তা একটি অপরিহার্য বিষয় হয়ে দাঁড়িয়েছে। শুধু বই-পুস্তক নয়, সেই সঙ্গে সংবাদপত্র প্রকাশনা, পত্র-পত্রিকা, মানচিত্র প্রভৃতি প্রকাশনাও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। কিন্তু সমাজে সেই তুলনায় উপযুক্ত প্রকাশকের অভাব রয়েছে। কারণ পুস্তক প্রকাশের জন্য যে সকল গুণাবলী প্রয়োজন, যে বিশেষ জ্ঞানের প্রয়োজন, এখনও তা আমাদের দেশে সহজলভ্য নয়। এইজন্য প্রয়োজন উপযুক্ত প্রকাশক, যিনি প্রকাশনা শিল্পে একজন দক্ষ ব্যক্তি বলে বিবেচিত হতে পারেন। ফলে প্রথাগত শিক্ষার পাশাপাশি সমাজে যদি প্রকাশনায় বিশেষ জ্ঞানসম্পন্ন মেধা সৃষ্টি করা যায়, তবে একদিকে যেমন পুস্তক প্রকাশনার পরিধি বৃদ্ধি করা যায়, ভাষান্তর প্রক্রিয়ায় একের শিক্ষা-সংস্কৃতি অপরকে সমৃদ্ধ করতে ছড়িয়ে দেওয়া যায়, জ্ঞান-বিজ্ঞানের আদান-প্রদানে সমাজকে উপকৃত করা যায়, অপরদিকে তেমনি শিক্ষিত ব্যক্তিরা প্রকাশনা শিল্পে কর্মসংস্থানের সুযোগ লাভ করে লাভবান হতে পারেন। প্রথাগত শিক্ষার পাশাপাশি কর্মমুখী শিক্ষার উপর গুরুত্ব আরোপ করে শিক্ষাকে জনমুখী করতে, দেশের মানবিক সম্পদ বৃদ্ধি করেত নতুন শিক্ষা নীতিতে (CBCS, 2018) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন যে পদক্ষেপ গ্রহণ করেছে তা সমাজকে সাফল্যের সোপানে পৌঁছে দেবে বলে আশা করা যায়।

এ প্রসঙ্গে প্রকাশনা শিল্প কি তা একটু সংক্ষেপে বুঝে নেওয়া যেতে পারে। পুস্তকাদি প্রকাশনা বর্তমানে শুধু বই-পত্র মুদ্রণকে বোঝায় না, পুস্তকাদির ইলেট্রনিক মিডিয়ায় প্রকাশনাকেও বোঝায়। সুতরাং প্রকাশনা শিল্পকে সাহিত্য ও তথ্যের বাণিজ্যিক প্রচার হিসেব বিবেচনা করা হয়। পুস্তক প্রকাশের সঙ্গে যেমন লাভ-ক্ষতি ও বাণিজ্যিক বিষয়াদি সংযুক্ত থাকে, তেমনি সংযুক্ত থাকে লেখকদের বৌদ্ধিক, শৈল্পিক ও সাংস্কৃতিক সম্পর্ক। উভয় সম্পর্কের মধ্যে সামঞ্জস্য বিধান করে চলা-ই হল প্রকাশকের মূল কর্তব্য। সুতরাং প্রকাশককে প্রকাশনা সংক্রান্ত সব কিছুর খুঁটি-নাটি জেনে অগ্রসর হওয়া প্রয়োজন।

এ প্রসঙ্গে সংক্ষেপে জেনে নেওয়া যেতে পারে ওই সমস্ত বিষয়গুলি কি কি ? প্রকাশনা শুধু একটি বাণিজ্যিক সংস্থা নয়, এটি বাণিজ্য ও সংস্কৃতির একটি জটিল সমন্বয়। সেন্সরশিপ, চুরি, কপিরাইট, মানহানিকর লেখা ইত্যাদির ন্যায় নৈতিকতা সংক্রান্ত বিষয়গুলিও এর সঙ্গে যুক্ত। অনুবাদ সংক্রান্ত গ্রন্থে আন্তর্জাতিক সমস্যাও রয়েছে। ফলে প্রকাশনার জাতীয় ও আন্তর্জাতিক নিয়ম-কানুন জেনে নেওয়া দরকার যাতে প্রকাশনার নিয়ম লঙ্ঘিত না হয়। সর্বোপরি, মূলধন সংগ্রহ, উৎকৃষ্ট ব্যবস্থাপণার প্রয়োজন।

উপরোক্ত বিষয়গুলি সম্পর্কে ধারণা থাকলে ও প্রকাশনা সংক্রান্ত খুঁটিনাটি জানলে একজন ব্যক্তি তার কর্মজীবনে প্রকাশনা সংস্থা গড়ে তুলে নিজের স্বাধীন জীবিকা নির্বাহ করার সুযোগ লাভ করতে পারে বা প্রকাশনা জগতের সঙ্গে যুক্ত হয়ে জীবিকার পথ খুঁজে পেতে পারে। ছাত্র-ছাত্রীদের এ সম্পর্কে একটি প্রাথমিক শিক্ষা দেওয়ার লক্ষ্যে এই কোর্সটি গ্রহণ করা হয়েছে।

## কোর্স পরিচিতি :

১. কোর্সটির সময়সীমা ৩০ ঘন্টা

২. এই কোর্সে কলেজের ছাত্র-ছাত্রীরা অংশ গ্রহণ করতে পারবে। কোর্সে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের কোর্স শেষে মূল্যায়ন করা হবে এবং মূল্যায়নে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ছাত্র-ছাত্রীদের শংসাপত্র দেওয়া হবে।

৩. মূল্যায়নের পূর্ণমান ৫০, তারমধ্যে উপস্থিতির জন্য ৫ নম্বর নির্ধারিত রয়েছে। মূল্যায়নের পদ্ধতি সম্পর্কে পরে ক্লাস চলাকালীন জানানো হবে।

৪. কোর্সে ভর্তি হয়ে ক্লাসে উপস্থিতি বাধ্যতামূলক।

৬. কেবলমাত্র কলেজের যে কোনও শাখার ছাত্র-ছাত্রীরা এ সুযোগ লাভের অধিকারী। কোর্সে ভর্তির জন্য পৃথক কোনও ফি দিতে হবে না। রেজিস্ট্রিশনের জন্য যোগাযোগ করতে হবে – বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ডক্টর মণিকুন্তলা বসুর সঙ্গে, কন্ট্যাক্ট নং ৯২৩২৬ ৭৯৫২৫ অথবা কলেজের E-mail Address-এ: sdg.mahavidyalaya@gmail.com

## কোর্স পাঠে সহায়ক গ্রন্থাবলী :

১. বন্দ্যোপাধ্যায়, চিত্তরঞ্জন (সম্পাদিত), বাংলা মুদ্রণ ও প্রকাশন, ১৯৮১, বসুমতী সাহিত্য মন্দির, কলকাতা-১২

২. আরিফুল আমিন রিজভী, মুদ্রণ শিল্পের কথা : অতীত ও বর্তমান, ভাটিয়াল প্রকাশন, ঢাকা

৩. চক্রবর্তী, স্বপন, মুদ্রণের সংস্কৃতি ও বাংলা বই, অবভাস, ৩৬এ কলেজ রো, কলকাতা – ৭০০ ০০৯

৪. Clapham, Michael, 'Printing': A History of Technology, Vol. II, From the Renaissance to the Industrial Revolution, (edited), Charles Singer et al. Oxford, 1957

৫. Epsten, Jason, Book Business: Publishing Past Present and Future

| পাঠক্রম | | | | |
|---|---|---|---|---|
| মডিউল | বিষয়সূচি | পাঠ্যসূচি | সময়সীমা | পূর্ণমান |
| ১ | পুস্তক প্রকাশনা সংস্থা গঠন, প্রকাশনা সংক্রান্ত নিয়মাবলী, কর্মী নিয়োগ, প্রশিক্ষণ প্রভৃতি | ১. প্রকাশনা সংস্থা গঠন, কর্মচারী নিয়োগ, পুস্তক প্রকাশে জাতীয় ও আন্তর্জাতিক নিয়মাবলী সংক্রান্ত তথ্য জানা<br>২. লেখকের সঙ্গে চুক্তি করা, রয়্যাল্টির শর্ত নির্ধারণ, হিসাবরক্ষণ ইত্যাদি<br>৩. বইয়ের কপি রাইট, ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড বুক নম্বর বরাদ্দ (ISBN) | ১০ ঘন্টা | ১৫ |
| ২ | পুস্তক প্রকাশনার জগতে অনুবাদ সাহিত্যের ভূমিকা ও প্রয়োজনীয়তা এবং অনুবাদের নিয়মাবলী সম্পর্কিত ধারণা | ১. অনুবাদ সাহিত্য প্রকাশের প্রয়োজনীয়তা<br>২. প্রকাশনার ক্ষেত্রে অনুবাদের আশ্রয় গ্রহণের সিদ্ধান্ত, অনুবাদ সংক্রান্ত নিয়মাবলী জানা<br>৩. সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় ও জ্ঞান সম্প্রসারণে অনুবাদ সাহিত্য | ১০ ঘন্টা | ১৫ |
| ৩ | পুস্তক প্রকাশনায় বর্ণ-সংস্থাপন, সচিত্রীকরণ এবং প্রচ্ছদ অঙ্কণের গুরুত্ব | ১. পুস্তক প্রকাশনার ক্ষেত্রে প্রিন্ট মিডিয়া বা ইলেকট্রনিক মিডিয়ায় বর্ণ-সংস্থাপণ কী এবং কেন ও প্রশিক্ষণ<br>২. লেখকের বক্তব্য অনুধাবনে সচিত্রীকরণ প্রশিক্ষণ, পুস্তক বিপণনে পুস্তকের মলাট অঙ্কণ ও আকর্ষণীয় করে তোলার পদ্ধতি অনুসরণ<br>৩. বিপণন প্রক্রিয়া, প্রকাশক সমিতি গঠন | ১০ ঘন্টা | ১৫ |